



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৪৪

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৭
১৮ ফেব্রুয়ারি, ২০২১

বিষয় : ২০২০ সালের আলিম পরীক্ষার্থীদের বোর্ড কর্তৃক প্রদেয় টাকা ফেরত প্রদানের উদ্দেশ্যে অনলাইনের মাধ্যমে স্ব-স্ব মাদ্রাসার প্রাতিষ্ঠানিক ব্যাংক হিসাব নম্বর প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৩৮

তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন ২০২০ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল মাদ্রাসা প্রধান পরীক্ষার্থীদের ফরম পূরণ করেছিলেন তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারির কারণে ২০২০ সালের আলিম পরীক্ষা স্থগিত করা হয়। পরবর্তীতে বিকল্প পদ্ধতিতে গত ৩০/০১/২০২১ তারিখে ফলাফল প্রকাশিত হয়। পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ এবং ব্যবহারিক ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৫৮তম সভায় ফেরত প্রদানের গৃহীত সিদ্ধান্তটি বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫২৯তম সভায় অনুমোদিত হয়।

উপর্যুক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০২০ সালের আলিম পরীক্ষার্থীদের নির্ধারিত পরিমাণ অর্থ ফেরত দেওয়ার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মাদ্রাসাসমূহের প্রাতিষ্ঠানিক হিসাব নম্বরে অর্থ ফেরত প্রদান করা হবে। এমতাবস্থায় জরুরি ভিত্তিতে আগামী ২৪/০২/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল মাদ্রাসা প্রধানকে অনলাইনের (Online) মাধ্যমে স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক ব্যাংক হিসাব নম্বর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনলাইনে (Online) হিসাব নম্বর প্রেরণের বিস্তারিত নিয়মাবলি সংযুক্ত পাতায় উল্লেখ রয়েছে। এ ছাড়াও <http://www.ebmeb.gov.bd/static/notice/BankAccdocumentation.pdf> ক্লিক করে অনলাইনে হিসাব নম্বর প্রেরণের Documentation পাওয়া যাবে।

মোঃ কামাল উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল : controller@bmeb.gov.bd

অধ্যক্ষ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর

আওতাধীন সংশ্লিষ্ট সকল মাদ্রাসা

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৪৪(১১)

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৭
১৮ ফেব্রুয়ারি, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলিহাট, ঢাকা।
- (৩) মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৬) জেলা প্রশাসক (সকল)।
- (৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- (৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (১০) পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (১১) অফিস কপি।

ড. মোঃ হোসাইন মাহমুদ ফারুক


উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা


ফোন : ৯৬৭৫৩৬৯

<http://efiling.ebmeb.gov.bd/index.php/eologin/institute>

উপরের লিংকে ক্লিক করলে Login Screen পাওয়া যাবে।




উপরের Screen-এ মাদ্রাসার EiIN ও Password এন্ট্রি করে Login করলে নিচের Screen পাওয়া যাবে।



উপরের Screen-এ Bank Account-এ ক্লিক করলে নিচের Screen পাওয়া যাবে।

মাদ্রাসার নামে ব্যাংক হিসাব নম্বর (ব্যক্তিগত কোন হিসাব নম্বর দেয়া যাবে না)



এই Screen-এ প্রতিষ্ঠানের ব্যাংকের নাম, ব্রাঞ্চার নাম, এ্যাকাউন্টের নাম, ১৩ ডিজিটের ব্যাংকের হিসাব নম্বর ২ বার, মোবাইল নম্বর এন্ট্রিকরে Update করতে হবে।

বিঃদ্রঃ ১. প্রতিষ্ঠানের হিসাব নম্বর ব্যাতিত অন্য কোন হিসাব নম্বর দেয়া যাবে না।